

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।



নং-স্বা: অধি:/প্রশাসন-৪/সার্কুলার/২০১৮/১৫৮৬


তারিখ: ২৫/০৩/২০২০ ইং

বিষয় : সদ্য ঘোষিত সরকারি ছুটিতে সকল হাসপাতালের বহিঃবিভাগে চিকিৎসা সেবা প্রদান প্রসঙ্গে।

বর্তমানে দেশে ছড়িয়ে পড়া করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব প্রতিরোধে এবং আক্রান্ত রোগীদেরকে সকল সরকারি হাসপাতালের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান অব্যাহত আছে। এই প্রাদুর্ভাবের কারণে ২৬ মার্চ থেকে ৪ এপ্রিল ২০২০ পর্যন্ত সরকার সাধারণ ছুটি ঘোষণা করেছে। এই ছুটিকালীন সময়ে দেশের সকল হাসপাতাল সমূহকে নিম্নলিখিত নির্দেশনা সমূহ পালন করার জন্য অনুরোধ করা হলো।

১. দেশের সকল সরকারি হাসপাতাল সমূহে বহিঃবিভাগ সীমিত আকারে (সকাল ৮-১২টা) খোলা রাখতে হবে।
২. হাসপাতাল সমূহে বহিঃবিভাগে দৃশ্যমান স্থানে একটা মোবাইল নম্বর লিখে রাখতে হবে এবং উল্লেখিত মোবাইল নম্বরের মাধ্যমে জনসাধারণ বাসা-বাড়ী থেকে চিকিৎসা সেবা/চিকিৎসকের পরামর্শ গ্রহণ করতে পারবে মর্মে স্থানীয় প্রশাসনকে অবহিত করতে হবে।
৩. কমিউনিটি ক্লিনিক সমূহ সকাল ৮টা থেকে দুপুর ১২টা পর্যন্ত খোলা রাখতে হবে।
৪. নিজের সুরক্ষার জন্য হাসপাতালে আগত জনসাধারণকে চিকিৎসা নিয়ে দ্রুত হাসপাতাল পরিহার করতে হবে।

বিষয়টি অতীব জরুরী।



(ডা: মো: বেলাল হোসেন)

পরিচালক (প্রশাসন)


স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

নং-স্বা: অধি:/প্রশাসন-৪/সার্কুলার/২০১৮/১৫৮৬/১(১৩)

তারিখ: ২৫/০৩/২০২০ ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃ: আ: সহকারি পরিচালক (সমন্বয়)।
২. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩. পরিচালক, জাতীয় বক্ষুব্যাধি ইনঃ ও হাসপাতাল/জাতীয় ক্যান্সার গবেষণা ইনঃ ও হাসপাতাল, মহাখালী, ঢাকা/জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল/জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান/জাতীয় চক্ষুবিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা/ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরো সায়েন্সেস ও হাসপাতাল/জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল/জাতীয় বাতজ্বর ও হৃদরোগ নিয়ন্ত্রণ কেন্দ্র/জাতীয় কিডনী ডিজিজেস এন্ড ইউরোলজি/ন্যাশনাল ইনস্টিটিউট অব ইএনটি/শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল/ন্যাশনাল ল্যাবরেটরী মেডিসিন এন্ড রেফারেল সেন্টার/শেখ হাসিনা বার্ণ ও প্লাস্টিক সার্জারী ইনস্টিটিউট ও হাসপাতাল/কুয়েত-বাংলাদেশ মৈত্রী সরকারি হাসপাতাল, উত্তরা, ঢাকা।
৪. পরিচালক, -----(সকল), মেডিকেল কলেজ হাসপাতাল।
৫. পরিচালক, কুর্মিটোলা/মুগদা জেনারেল হাসপাতাল, ঢাকা।
৬. পরিচালক, পাবনা মানসিক হাসপাতাল, পাবনা।
৭. পরিচালক (স্বাস্থ্য) -----(সকল)।
৮. তত্ত্বাবধায়ক/চিকিৎসা তত্ত্বাবধায়ক----- (সকল)।
৯. অধ্যক্ষ কাম-অধীক্ষক, সরকারী হোমিওপ্যাথিক ডিগ্রী কলেজ ও হাসপাতাল, মিরপুর-১৪, ঢাকা /সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক ডিগ্রী কলেজ ও হাসপাতাল, মিরপুর-১৩, ঢাকা/সরকারী তিব্বিয়া কলেজ, সিলেট।
১০. সিভিল সার্জন ----- (সকল)।
১১. তত্ত্বাবধায়ক, সংক্রামকব্যাধি হাসপাতাল, মহাখালী, ঢাকা।
১২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ----- (সকল)
১৩. সিস্টেম এনালিস্ট, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশ এবং ই-মেইলের মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।।



(ডা: মো: বেলাল হোসেন)

পরিচালক (প্রশাসন)

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।